তারিখ: 06 APR 2016
পৃষ্ঠা: ৭ কলাম: ৪

দৈনিক
ইত্তেফাক

# নেত্রকোনায় ১০ মিনিট আগে খাতা নেবার প্রতিবাদে বিক্ষোভ

■ নেত্রকোনা প্রতিনিধি

গতকাল মঙ্গলবার অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার বাংলা দ্বিতীয় পত্রের পরীক্ষায় নেত্রকোনা আবু আব্বাছ ডিগ্রী কলেজ কেন্দ্রে পরীক্ষা শেষ হবার প্রায় ১০ মিনিট আগেই পরীক্ষার্থীদের কাছ থেকে উত্তরপত্র নিয়ে নেবার অভিযোগে পরীক্ষার্থীরা মিছিল বের করে। এই কেন্দ্রে নেত্রকোনা সরকারি কলেজের পরীক্ষার্থীরা পরীক্ষা দিচ্ছে।

জানা গেছে, বাংলা দ্বিতীয় পত্র পরীক্ষা শেষ হবার ১০ মিনিট আগে হলে কর্তব্যরত শিক্ষকগণ পরীক্ষার্থীদের কাছ থেকে উত্তরপত্র নিয়ে নেবার সময় পরীক্ষার্থীদের মাঝে উত্তেজনার সৃষ্টি হয়। এর প্রতিবাদ করলে শিক্ষকরা পরীক্ষার্থীদের অকথ্য ভাষায় গালিগালাজ করেন বলে শিক্ষার্থীরা অভিযোগ করে। পরে চার থেকে পাঁচশ পরীক্ষার্থী হল থেকে বের হয়ে মিছিল করে এবং শহরের সড়ক প্রদক্ষিণ করে ঘটনার তীব্র প্রতিবাদ জানায় এবং জেলা প্রশাসকের অফিস প্রাঙ্গণে এসে মিছিল শেষ হয়। এ ব্যাপারে কলেজ অধ্যক্ষ বলেন, তার জানামতে, পরীক্ষার নির্ধারিত সময় শেষ হলেই উত্তরপত্র নেয়া হয়েছে। এরপরেও বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে বলে তিনি জানান।